

## 💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ঈমান

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৪৮) ইমাম মাহদীর আগমণ সংক্রান্ত হাদীসগুলো কি সহীহ?

উত্তর: মাহদী সম্পর্কে বর্ণিত হাদীসগুলো চারভাগে বিভক্ত।

- ১) মিথ্যা ও বানোয়াট হাদীস
- ২) দঈফ হাদীস
- ৩) হাসান হাদীস,
- 8) সহীহ হাদীসেও ইমাম মাহদীর আগমণের কথা বর্ণিত হয়েছে, তবে ইরাকের সিরদাব নামক স্থানে লুকায়িত রাফেজীদের কল্পিত মাহদীর সাথে হাদীসে বর্ণিত মাহদীর কোনো সম্পর্ক নেই। এটি রাফেজীদের পক্ষ থেকে একটি বানোয়াট কাহিনী। সহীহ হাদীসে যে মাহদীর কথা বলা হয়েছে, তিনি অন্যান্য বনী আদমের মতই একজন লোক হবেন। তিনি যথা সময়ে জন্ম গ্রহণ করবেন এবং মানব সমাজে আত্মপ্রকাশ করবেন। এটিই ইমাম মাহদীর প্রকৃত ঘটনা। সুতরাং ইরাকের সিরদাব অঞ্চলে লুকায়িত মাহদীর আগমণে বিশ্বাস করা মারাত্মক ভুল এবং বিবেক বহির্ভূত ও ভিত্তিহীন ব্যাপার। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের হাদীসে বর্ণিত ইমাম মাহদীর আগমণ সত্য।

Source — https://www.hadithbd.com/books/link/?id=580

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন